স্ট্যাম্প ডিউটি

দলিল প্রস্তুত ও রেজিস্ট্রি করিতে স্ট্যাম্প শুল্ক, রেজিস্ট্রেশন ফি, উৎসে কর, ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং স্থানীয় সরকার কর প্রদান করিতে হয়। স্ট্যাম্প ডিউটির বিষয়টি স্ট্যাম্প আইন, ১৮৯৯ (এ্যাক্ট নং-২, ১৮৯৯) দ্বারা নিয়ন্ত্রিত হয়। ১৮৯৯ সালের স্ট্যাম্প আইনে ৭৯টি ধারা এবং ১টি তফসিল রহিয়াছে। বিভিন্ন প্রকার দলিলে প্রকৃতি অনুসারে বিভিন্ন হারে স্ট্যাম্প শুল্ক প্রদেয়। তফসিলে ৬৫ প্রকার দলিলে প্রদেয় স্ট্যাম্প শুল্কের হার লিপিবদ্ধ করা হইয়াছে। ১৮৯৯ সালের স্ট্যাম্প আইনের ৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার দলিলাদির স্ট্যাম্প শুল্ক নির্ধারণ করিয়া থাকেন। ইহা অর্থ আইন দ্বারা নিয়ন্ত্রিত এবং বাজেটে প্রতিফলিত হয়। সরকার কোন আর্থিক বৎসরে বাজেট ছাড়াও এস.আর.ও দ্বারা এই হার হ্রাস অথবা বৃদ্ধি করিতে পারেন। সরকার নির্ধারিত ও ঘোষিত স্ট্যাম্প শুল্ক হার গেজেটে প্রকাশ ও প্রচার করা হয়।

বর্তমানে প্রচলিত স্ট্যাম্প শুল্কের তালিকা

তফসিল-১
(ধারা- ৩ দ্রষ্টব্য)
(২০১৭-২০১৮ আর্থিক বৎসর পর্যন্ত সংশোধিত)

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
১।	**স্বীকৃতিপত্র** (Acknowledgement)- এক হাজার টাকার অধিক অংকের অথবা মূল্যের ঋণ প্রাপ্তি বাবদ কোন একটি স্বীকৃতি পত্র, লিখিত অথবা দেনাদার (খাতক) কর্তৃক লিখিত বা দস্তখতকৃত অথবা দেনাদার অথবা খাতকের পক্ষে লিখিত বা দস্তখতকৃত, কোন বইতে অনুরূপ দেনার সাক্ষ্য প্রমাণ সরবরাহের নিমিত্ত (একজন ব্যাংকারের পাস বই ব্যতীত) অন্য কিছুতে অথবা অন্য কোন পৃথক কাগজের উপরে যেইক্ষেত্রে অনুরূপ বই বা কাগজ পাওনাদারের দখলে থাকে; তবে শর্ত থাকে যে, অনুরূপ স্বীকৃতি বা প্রাপ্তি স্বীকার পত্রে দেনা পরিশোধের কোন প্রতিশ্রুতি থাকে না, অথবা সুদ পরিশোধের কোন শর্তের, অথবা কোন মালামাল অথবা অন্য সম্পত্তির পরিশোধ বা অর্পণের কোন শর্তের উল্লেখ থাকে না।	দশ টাকা।
২।	**প্রশাসনিক বন্ড** (Administration Bond)- প্রশাসনিক বন্ড ১৮৭৩ সালের সরকারি সঞ্চয় ব্যাংক আইনের ৬ ধারা অথবা ১৯২৫ সালের উত্তরাধিকার আইনের ২৯১ ধারা অথবা ৩৭৫ ধারা অথবা ৩৭৬ ধারার অধীনে প্রদত্ত কোন বন্ডসহ ক) যেইক্ষেত্রে অর্থের পরিমাণ অনধিক টাকা ৫০০০/- সেই ক্ষেত্রে; খ) অন্য কোন ক্ষেত্রে।	অনুরূপ অর্থের বন্ড-এর (নম্বর ১৫) বাবদ প্রদেয় সমপরিমাণ মাশুল। দুইশত টাকা।
৩।	**দত্তক গ্রহণ দলিল** (Adoption-Deed)- অর্থাৎ কোন দলিল (উইল ব্যতীত) যাহাতে কোন দত্তক গ্রহণ, অথবা দত্তক গ্রহণের জন্য কর্তৃত্ব অর্পিত হয়, বা অর্পিত হয় বলিয়া বিবেচিত হয় বা অর্থবোধক হয়। এ্যাডভোকেট- এ্যাডভোকেট হিসাব এন্ট্রি (নম্বর ৩০) দ্রষ্টব্য।	পাঁচ হাজার টাকা।
৪।	**এফিডেভিট বা হলফনামা** (Affidavit)- যে সকল ব্যক্তি সম্পর্কে শপথ গ্রহণের পরিবর্তে দৃঢ়ভাবে স্বীকার বা ঘোষণা করিতে বা ঘোষণা দিতে আইনের দ্বারা অনুমতি প্রদত্ত হইয়াছে তাহাদের দৃঢ় স্বীকারোক্তি (affirmation) বা ঘোষণাও (declaration) ইহার অন্তর্ভুক্ত।	দুইশত টাকা।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
	রেয়াত/অব্যাহতি এফিডেভিট বা লিখিত ঘোষণা যখন করা বা দেওয়া হয়- (ক) ১৯৫২ সালের সেনাবাহিনী আইনের অধীন তালিকাভুক্তির শর্ত হিসাবে; (খ) কোন আদলতে বা আদালতের অফিসারের নিকট নথিভুক্তি বা ব্যবহৃত হইবার তাৎক্ষণিক উদ্দেশ্যে; অথবা (গ) কোন ব্যক্তিকে কোন পেনশন বা দাতব্য ভাতা প্রাপ্তিতে সহায়তা প্রদানের একমাত্র উদ্দেশ্যে- সেইক্ষেত্রে রেহাই মঞ্জুর করা হইয়াছে।	
৫।	**চুক্তি বা কোন একটি চুক্তির স্মারক লিপি** (Agreement or Memorandum of an Agreement)-	
	(ক) যাহা কোন একটি বিনিময় বিলের বিক্রয় সম্পর্কীয় হয়;	পঞ্চাশ টাকা।
	(খ) (১) যদি কোন সরকারি জামানত বিক্রয় সম্পর্কীয় হয়;	জামানতের মূল্যের প্রতি পাঁচ হাজার টাকা বা উহার অংশ কিংবা জামানতের মূল্য বাবদ দুই টাকা হিসাবে সর্বনিম্ন দুইশত টাকা।
	(২) কোন সংবিধিবদ্ধ কোম্পানি অথবা অন্য কোন বিধিবদ্ধ সংস্থাতে শেয়ার বিক্রয় সংক্রান্ত হইলে;	শেয়ারের মূল্যের প্রতি এক হাজার টাকা বা উহার অংশের জন্য দুই টাকা হিসাবে
	গ) অন্যভাবে বিধান করা না হইলে।	তিনশত টাকা।
	রেয়াত/অব্যাহতি চুক্তি অথবা চুক্তির স্মারকপত্র- ক) যাহা কেবলমাত্র মালামাল বা বাণিজ্য সামগ্রী বিক্রয় নিমিত্ত বা বিক্রয় সম্পর্কীয়, যাহা ৪৩ নম্বর ক্রমিকে বিধৃত হারে মাশুলযোগ্য কোন নোট বা স্মারকপত্র নহে; খ) যাহা কোন ঋণ সংক্রান্ত বিষয়ে সরকারের বরাবরে জ্ঞাপনের জন্য টেন্ডার আকারে প্রণীত হয়। ইজারা প্রদানের চুক্তি (Agreement to Lease)- ইজারা (নং-৩৫) দ্রষ্টব্য।	
৬।	**চুক্তি** (Agreement)- স্বত্বের দলিল, বন্ধক বা খত গচ্ছিত রাখা সংক্রান্ত চুক্তি অর্থাৎ নিম্নবর্ণিত বিষয়াদির সম্পর্কিত কোন চুক্তির সাক্ষ্য বা প্রমাণস্বরূপ কোন দলিল- (১) স্বত্ব দলিল অথবা এইরূপ দলিলপত্র গচ্ছিত রাখা যাহা (বিপণনযোগ্য সিকিউরিটি ব্যতীত) অন্য কোন ধরনের সম্পত্তির স্বত্বের সাক্ষ্যস্বরূপ গণ্য করা কোন দলিল; অথবা (২) অস্থাবর সম্পত্তির বন্ধক বা খত, যেইক্ষেত্রে অনুরূপ গচ্ছিতকরণ বা জমা, বন্ধক বা খত বর্তমানে বা ভবিষ্যতে ঋণ হিসাবে প্রদত্ত বা প্রদেয় অগ্রিম অর্থ পরিশোধকল্পে জামানত হিসাবে প্রণীত হইয়াছে।	এককভাবে রচিত হইলে	দুইটির গুচ্ছাকারে রচিত	তিনটির গুচ্ছাকারে রচিত

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
		– ; হইলে উহার প্রত্যেকটি অংশ বাবদ ; হইলে উহার প্রত্যেকটি অংশ বাবদ
	(ক) যদি অনুরূপ কর্জ বা ঋণ দাবীক্রমে পরিশোধযোগ্য হয় অথবা চুক্তির সাক্ষ্যদানকারী দলিলপত্রের তারিখ হইতে তিন মাসাধিককাল অতিবাহিত হওয়ার পর পরিশোধযোগ্য হয়;	পণ মুল্যের ০.৫% ; পণ মুল্যের ০.২৫% ; পণ মুল্যের ০.১২%
	(খ) যদি অনুরূপ দলিলের তারিখ হইতে অনুরূপ কর্জ বা ঋণ তিন মাস অতিক্রান্ত হয় নাই-ইহার পূর্বেই পরিশোধযোগ্য হয়, তাহা হইলে।	পণ মুল্যের ০.৩% ; পণ মুল্যের ০.১৫% ; পণ মুল্যের ০.০৮%
৭।	**নিয়োগদান** (Appointment)- ট্রাস্টিগণের ক্ষমতা অথবা স্থাবর কিংবা অস্থাবর সম্পত্তি লেনদেনের ক্ষমতা প্রদানের নিয়োগ দান, যেইক্ষেত্রে তাহা, কোন উইল ব্যতীত, অন্য কোন দলিলের দ্বারা সম্পাদন করা হয়।	দুইশত টাকা।
৮।	**মূল্য নিরূপণ** (Appraisement)- অথবা মূল্যায়ন যাহা নিম্নরূপে কোন আদালতে কোন মোকদ্দমা চলাকালীন কার্যক্রমে আদালতের কোন আদেশের অধীনে ব্যতীত অন্য কোন প্রকারে সম্পন্ন হয়, যথা- (ক) যেইক্ষেত্রে অর্থের পরিমাণ ২০০০/- টাকার অধিক নয়, সেইক্ষেত্রে; (খ) অন্য যে কোন ক্ষেত্রে। (গ) মূল্য নিরূপণ বা মূল্যায়ন যাহা কেবলমাত্র একপক্ষের তথ্য লাভের জন্য করা হয় এবং যাহা চুক্তির দ্বারা বা আইনের কার্যকারিতার ফলে পক্ষগণের মধ্যে কোন প্রকারেই বাধ্যতামূলক নহে। **রেয়াত/অব্যাহতি** ফসলের মূল্য নিরূপণ যাহার উদ্দেশ্য হইতেছে কোন জমিদারকে কর হিসাবে যে অর্থ প্রদান করা হয় উহার পরিমাণ নিরূপণ করা।	অনুরূপ অর্থের বটমরি বন্ডে (নং ১৬) প্রদেয় একই পরিমাণ মাশুল। একশত পঞ্চাশ টাকা। একশত পঞ্চাশ টাকা।
৯।	**শিক্ষানবিস দলিল** (Apprenticeship-Deed) কোন পেশাগত, বৃত্তিমূলক, ব্যবসা সংক্রান্ত বা চাকরিরত শিক্ষাগ্রহণকালে কোন মাস্টারের তত্ত্বাবধানে তদারকভুক্ত কোন শিক্ষানবিস কেরানি বা কর্মচারীকে শিক্ষাদান সংক্রান্ত সকল লিপি ইহার অন্তর্ভুক্ত; তবে আর্টিকেল অব ক্লার্কশিপ (নং ১১) নহে। **রেয়াত/অব্যাহতি** ১৮৫০ সালের শিক্ষানবিস আইনের অধীনে কোন ম্যাজিস্ট্রেট কর্তৃক সম্পাদিত শিক্ষানবিসির দলিলপত্র অথবা যদ্বারা কোন ব্যক্তিকে শিক্ষানবিস করা হয় অথবা কোন বেসরকারি দাতব্য উদ্যোগে শিক্ষানবিস করা হয়- এই প্রকার শিক্ষানবিস দলিল।	একশত পঞ্চাশ টাকা।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
১০।	**কোন কোম্পানির আর্টিকেল অব এসোসিয়েশন** (Article of Association)- (ক) যেখানে নমিনাল বা নামমাত্র শেয়ার মূলধন ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকার অধিক নহে, সেইক্ষেত্রে; (খ) যেইক্ষেত্রে নমিনাল শেয়ার ক্যাপিটাল ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকার অধিক হয়, কিন্তু ছয় কোটি টাকার অধিক নয়, সেইক্ষেত্রে; (গ) যেইক্ষেত্রে নমিনাল শেয়ার মূলধন ছয় কোটি টাকার অধিক হয়; (ঘ) ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৮ ধারার অধীনে নিবন্ধনকৃত এবং মুনাফার জন্য গঠিত নহে এমন কোন এ্যাসোসিয়েশনের আর্টিকেলসমূহ।	তিন হাজার টাকা। আট হাজার টাকা। বিশ হাজার টাকা। দুই হাজার টাকা।
১১।	**ক্লার্কশিপের আর্টিকেলসমূহ বা চুক্তি** (Articles of Clerkship)- যদ্বারা কোন ব্যক্তি সুপ্রিম কোর্টের তালিকাভুক্তির উদ্দেশ্যে প্রথমতঃ কেরানিরূপে কাজ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন বা বাধ্য হন। স্বত্ব নিয়োগ, সম্পত্তি হস্তান্তরের দলিল (নম্বর ২৩), হস্তান্তর (নম্বর ৬২) এবং ইজারা হস্তান্তর (নম্বর ৬৩) যেক্ষেত্রে যেইটি প্রযোজ্য। দ্রষ্টব্যঃ এ্যাটর্নি- পাওয়ার অব অ্যাটর্নি, দত্তক গ্রহণের ক্ষমতাপত্র- দত্তক গ্রহণ দলিল (নম্বর ৩) দ্রষ্টব্য।	চার শত টাকা।
১২।	**রোয়েদাদ** (Award)- অর্থাৎ মোকদ্দমা চলাকালীন আদালতের আদেশের দ্বারা ব্যতীত, অন্য প্রকারে উত্থাপিত কোন বিষয়ে বন্টকের নির্দেশনাকারী কোন সালিশ বা নিরপেক্ষ মীমাংসাকারীর কোন লিখিত সিদ্ধান্ত - (ক) যেইক্ষেত্রে অনুরূপ রোয়েদাদে বিধৃত সংশ্লিষ্ট সম্পত্তির মূল্য বা মূল্যের অংক দুই লক্ষ টাকার অধিক নহে; (খ) যদি তাহা দুই লক্ষ টাকার অধিক হয়।	১.৫% সর্বাধিক চারশত টাকা। .৫০% সর্বাধিক বিশ হাজার টাকা।
১৩।	**বিনিময় বিল** (Bill of Exchange)- ২ (২) ধারায় সংজ্ঞায়িত, তবে তাহা কোন বন্ড, ব্যাংক নোট বা কারেন্সি নোট নহে-	এককভাবে রচিত হইলে বা 'ড্রন' হইলে | দুইটির গুচ্ছাকারে রচিত বা 'ড্রন' হইলে উহার প্রত্যেকটির অংশবাবদ | তিনটির গুচ্ছাকারে রচিত বা 'ড্রন'হইলে উহার প্রত্যেকটির অংশবাবদ
	(ক) যেইক্ষেত্রে দাবীক্রমে ব্যতীত অন্যপ্রকারে প্রদেয় তবে উহার সঠিক তারিখ বা উহা দেখিবার বা দৃষ্ট হওয়ার অনধিক এক বৎসর সময়ের মধ্যে প্রদেয় নহে;	পণ মূল্যের ০.২% | পণ মূল্যের ০.১% | পণ মূল্যের ০.০৭%
	(খ) যেইক্ষেত্রে উহার তারিখ বা উহা দেখিবার এক বৎসরের অধিক সময়ের পর প্রদেয়।	পণ মূল্যের ১%

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
১৪।	**বিল অব লেডিং** (Bill of Lading) (কোন আদ্যান্ত বা থ্রু বিল অব লেডিং ইহার অন্তর্ভুক্ত)- (ক) যেই ক্ষেত্রে পণের মূল্য ১০,০০০ টাকার অধিক নহে; (খ) যেই ক্ষেত্রে পণের মূল্য ১০,০০০ টাকার অধিক কিন্তু ১,০০,০০০/- টাকার অনধিক হয়; (গ) যেই ক্ষেত্রে পণের মূল্য ১,০০,০০০/- টাকার অধিক হয়। **বিশেষ দ্রষ্টব্য :-** কতিপয় জাহাজ মালিক কর্তৃক অথবা রেল কোম্পানি কর্তৃক এক স্থান হইতে অন্য কোন স্থানে মালামাল পরিবহণের নিমিত্ত তৈরি বিল অব লেডিংকে 'থ্রু' বিল অব লেডিং বলা হয়। যদি বিল অব লেডিং খণ্ড অংশে রচিত হয় তাহা হইলে প্রত্যেকটি সেটে যথাযথ স্ট্যাম্প অবশ্যই থাকিতে হইবে। **রেয়াত /অব্যাহতি** (ক) এইরূপ বিল অব লেডিং যেইক্ষেত্রে উহাতে বর্ণিত পণ্য ১৯০৮ সালের বন্দর আইনের অধীন সংজ্ঞায়িত কোন বন্দরের সীমানার মধ্যে অবস্থিত কোন স্থানে গ্রহণ করা হয় এবং একই বন্দরের সীমানার মধ্যে অবস্থিত অন্য কোন স্থানে উক্ত মালামাল প্রদান করা হয় বা ডেলিভারি দেওয়া সংক্রান্ত হয়; (খ) বিল অব লেডিং যখন বাংলাদেশের বাহিরে সম্পাদিত হয় এবং উহাতে বর্ণিত সম্পত্তির মালামাল বাংলাদেশের মধ্যে ডেলিভারি দেওয়া সংক্রান্ত হয়।	 পঞ্চাশ টাকা। একশত টাকা। পাচঁশত টাকা।
১৫।	**বন্ড** (Bond)- যেমন ২(৫) ধারায় সংজ্ঞায়িত কোন বন্ড, যাহা কোন ঋণপত্র (নম্বর ২৭) নহে এবং যাহার জন্য অন্যভাবে এই আইনে বা ১৮৭০ সালের কোর্ট ফি আইনে কোন বিধান করা হয় নাই। দেখুন- প্রশাসনিক বন্ড (নম্বর ২) বটমরি বন্ড (নম্বর ১৬) শুল্ক বন্ড (নং ২৬) ক্ষতি নিষ্কৃতি বন্ড (নম্বর ৩৪) রেসপেনডেনশিয়া বন্ড (নম্বর ৫৬) জামানত বা সিকিউরিটি বন্ড (নং ৫৭) **রেয়াত /অব্যাহতি** বন্ড যখন নিম্নরূপ ব্যক্তিগণ কর্তৃক সম্পাদিত হয়- (ক) ১৮৭৬ সালের সেচ আইনে (বেঙ্গল এ্যাক্ট ৩, ১৮৭৬) এর ৯৯ ধারার বিধানানুযায়ী সঠিক কর্তব্য সম্পাদনের জন্য মনোনীত সর্দারগণ; (খ) কোন দাতব্য ডিসপেনসারি বা হাসপাতাল অথবা কোন জনকল্যাণমুখী কর্মকাণ্ডের জন্য প্রদত্ত বেসরকারি চাঁদা হইতে আহরিত স্থানীয় আয় মাসিক কোন নির্দিষ্ট অংকের অর্থের কম হইবে না বলিয়া গ্যারান্টি প্রদানকারী কোন ব্যক্তি।	পঞ্চাশ টাকা।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
১৬।	**বটমরি বন্ড** (Bottomry Bond)- অর্থাৎ এইরূপ কোন দলিল যদ্বারা কোন সমুদ্রগামী জাহাজের মাস্টার সমুদ্র যাত্রাকালে উক্ত জাহাজের নিরাপত্তা ও সংরক্ষণ এবং সমুদ্র যাত্রা পরিচালনা কার্যে নিজেকে সহায়তা করিবার জন্য জাহাজটির বাবদ জামিনে ঋণ বা কর্জ অর্থ হিসাবে গ্রহণ করিয়া থাকেন।	পণ মূল্যের ২%।
১৭।	**নাকচ বা বাতিলকরণ দলিল** (Cancellation-Instrument of) (যদ্বারা পূর্বে সম্পাদিত কোন দলিল নাকচ বা বাতিল করা হয়-ইহার অন্তর্ভুক্ত) যদি প্রত্যায়িত হইয়া থাকে এবং তজ্জন্য অন্য কোন প্রকারে বিধান করা হয় নাই। দেখুন অবমুক্ত বা স্বত্ব ত্যাগের দলিল (নম্বর ৫৫) বন্দোবস্ত প্রত্যাহার (নম্বর ৫৮ খ) ইজারা সমর্পণ (নম্বর ৬১) এবং ট্রাস্ট প্রত্যাহার (নম্বর ৬৪ খ)	দুইশত টাকা।
১৮।	**বিক্রয় সার্টিফিকেট** (Certificate of Sale) - (পৃথক পৃথকভাবে স্তুপীকৃত বা লট বা গুচ্ছাকারে এবং বিক্রয়ের জন্য উপস্থাপিত প্রত্যেকটি সম্পত্তি সম্পর্কিত) প্রত্যেকটি মালের বা সম্পত্তির জন্য দেওয়ানি আদালত বা রাজস্ব আদালত বা কালেক্টর বা অন্য কোন রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রকাশ্য নিলামে বিক্রিত মাল বা সম্পত্তি খরিদের ব্যাপারে প্রদত্ত সার্টিফিকেট বাবদ- (ক) যেইক্ষেত্রে ক্রয়মূল্য পাঁচ হাজার টাকার অধিক না হয় সেইক্ষেত্রে; (খ) অন্যান্য ক্ষেত্রে। **রেয়াত/অব্যাহতি** "যেক্ষেত্রে বাংলাদেশ গৃহনির্মাণ ঋণদান সংস্থা আদেশ, ১৯৭৩ বলে (১৯৭৩ সালের রাষ্ট্রপতির ৭ নম্বর আদেশ) প্রতিষ্ঠিত বাংলাদেশ গৃহ নির্মাণ ঋণদান সংস্থার নিকট কোন একটি বাড়ি বন্ধক রাখা হয় এবং সেই বাড়িটি কোন দেওয়ানি আদালত বা অর্থ ঋণ আদালত (১৯৯০ সালের ৪ নম্বর আইনে প্রতিষ্ঠিত) অথবা অন্য কোন রাজস্ব কর্মকর্তার আদেশে অনুষ্ঠিত কোন সরকারি নিলামে বাংলাদেশ গৃহ নির্মাণ ঋণদান সংস্থা কর্তৃক ক্রীত হয়, সেইক্ষেত্রে সেই সংস্থা কর্তৃক স্ট্যাম্প মাশুল প্রদেয় হইবে না।"	একশত টাকা। কেবলমাত্র ক্রয়মূল্যের পরিমাণের সমান পণ্য বাবদ সম্পত্তি হস্তান্তর দলিল (নম্বর ২৩) হিসাবে যে পরিমাণ শুল্ক প্রদেয় সেই একই পরিমাণ শুল্ক ইহার ক্ষেত্রেও প্রদেয়।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
১৯।	**সার্টিফিকেট** (Certificate) অথবা অন্যান্য দলিল, যাহা উহার ধারকের কিংবা অন্য কোন ব্যক্তির জন্য কোন বিধিবদ্ধ কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থার কোন শেয়ার বা মূল দলিল অথবা স্টক সংক্রান্ত মূল দলিল অথবা স্টকের মালিক হইবার অধিকার বা স্বত্বের সাক্ষ্যবাহী বা প্রামাণিক। আরও দেখুন- শেয়ার বরাদ্দের পত্র (নম্বর ৩৬)।	বিশ টাকা।
২০।	**চার্টার পার্টি** (Charter Party) অর্থাৎ এইরূপ কোন দলিল (কোন টাগ- স্টিমার ভাড়া করিবার কোন একটি চুক্তি ব্যতীত) যদ্বারা কোন জাহাজ অথবা উহার সুনির্দিষ্ট কোন প্রধান অংশ জাহাজ ভাড়াকারীর কোন সুনির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য ভাড়া দেওয়া হয়, সেই দলিলে কোন দণ্ডের অনুচ্ছেদ অন্তর্ভুক্ত হউক, বা না হউক।	পাঁচশত টাকা।
২১।	**বিলুপ্ত**	
২২।	**কম্পোজিশন বা প্রত্যর্পণ দলিল** (Composition Deed) - অর্থাৎ দেনাদার কর্তৃক সম্পাদিত-এইরূপ কোন দলিল যাহার দ্বারা তিনি তাহার সম্পত্তি তাহার ঋণদাতা পক্ষের উপকারার্থে দলিল করিয়া দেন অথবা যদ্বারা তাহাদের ঋণের আর্থিক প্রত্যর্পণ (কম্পোজিশন) বা লভ্যাংশ বাবদ অর্থ প্রদান ঋণদাতাদের নিকট সুনিশ্চিত হয় অথবা যদ্বারা এইরূপ বিধান করা হয় যে তাহার পাওনাদারদের উপকারার্থে পরিদর্শকগণের তত্ত্বাবধানে অথবা লাইসেন্সপত্রের অধীনে বর্ণিত সম্পত্তিতে দেনাদারের কাজ কারবার চালু রাখিবার ব্যবস্থা থাকিবে।	দুইশত টাকা।
২৩।	**সম্পত্তি হস্তান্তর দলিল** (Conveyance)-২(১০) ধারায় সংজ্ঞায়িত, তবে ৬২ নম্বর ধারা মোতাবেক কোন দায়মুক্ত বা রেয়াতমুক্ত হস্তান্তর নহে।। **রেয়াত/অব্যাহতি** ২০০০ সালের গ্রন্থস্বত্ব আইন (২০০০ সালের ২৮ নং আইন) এর অধীন গ্রন্থ স্বত্বের স্বত্বনিয়োগ; দ্রষ্টব্য : অংশীদারিত্ব (নং ৪৬)	পণ মূল্যের ৩%।
২৪।	**অনুলিপি** (Copy) -উদ্ধৃতাংশ যাহা অবিকল বা যথার্থ অনুলিপি বা উদ্ধৃতাংশ বলিয়া কোন সরকারি কর্মকর্তার আদেশ বলে প্রত্যায়িত এবং কোর্ট ফি সংক্রান্ত আপাততঃ বলবৎ আইনের অধীনে মাশুলযোগ্য নহে- (১) যদি মূল দলিলটিতে শুল্ক আদায়যোগ্য না হইত, অথবা উহাতে যদি মাশুল আদায়যোগ্য হইত-সেই মাশুলের পরিমাণ একশত টাকার বেশি না হয়; (২) অপরাপর ক্ষেত্রে। **রেয়াত/অব্যাহতি** (ক) এইরূপ কোন কাগজের অনুলিপি, যাহা কোন সরকারি কর্মকর্তা কোন সরকারি অফিসে রেকর্ড রাখিবার উদ্দেশ্যে কিংবা কোন জনমুখী উদ্দেশ্যে প্রণয়ন বা সরবরাহ করিতে আইনত বাধ্য; (খ) জন্ম, নামকরণ, উৎসর্গ, বিবাহ, তালাক বা দাফন ইত্যাদি বিবরণ সংক্রান্ত কোন রেজিস্টারের অনুলিপি বা উদ্ধৃতাংশ।	ত্রিশ টাকা। পঞ্চাশ টাকা।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
২৫।	**কোন দলিলের কাউন্টারপার্ট বা প্রতিপত্র** (Counterpart) - অথবা কোন দলিলের ডুপ্লিকেট বা প্রতিলিপি, যাহা মাশুলযোগ্য এবং যাহা বাবদ যথাযথ মাশুল প্রদত্ত হইয়াছে-	
	ক) যদি মূল দলিল বাবদ ধার্যযোগ্য মাশুল দুইশত টাকার অধিক না হয় সেইক্ষেত্রে;	মুল দলিলে যে মাশুল প্রদেয় সেই একই পরিমাণ মাশুল।
	খ) অন্যান্য ক্ষেত্রে।	একশত টাকা।
	রেয়াত/অব্যাহতি কোন কৃষককে প্রদত্ত ইজারা দলিলের প্রতিলিপি, যদি অনুরূপ ইজারা দলিল মাশুলমুক্ত করা হইয়া থাকে।	
২৬।	**শুল্ক বন্ড বা কাস্টমস বন্ড** (Customs Bond)	
	(ক) যেইক্ষেত্রে অর্থের পরিমাণ বিশ লক্ষ টাকার অধিক নহে সেইক্ষেত্রে;	এক হাজার টাকা।
	(খ) বিশ লক্ষ টাকার অধিক অন্যান্য ক্ষেত্রে।	দুই হাজার টাকা।
২৭।	**ঋণপত্র বা ডিবেঞ্চার** (Debenture) (বন্ধক ঋণপত্র হউক আর না হউক) বিপণনযোগ্য সিকিউরিটি হওয়ায় হস্তান্তরযোগ্য।	
	(ক) 'এনডোর্সমেন্ট' বা পৃষ্ঠাঙ্কন দ্বারা অথবা কোন পৃথক হস্তান্তর দলিলের দ্বারা হস্তান্তরিত হইলে;	অনুরূপ অর্থের বটমরি বন্ড (নম্বর ১৬) বাবদ একই পরিমাণ মাশুল।
	(খ) প্রদান বা অর্পণের দ্বারা হস্তান্তরযোগ্য হইলে।	ঋণপত্রের আপাত মূল্যের সমান পণের হস্তান্তর দলিল (নম্বর ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	ব্যাখ্যা- ঋণপত্র বলিতে ইহার সঙ্গে সংযোজিত যে কোন সুদ কুপন অন্তর্ভুক্ত হইবে, কিন্তু অনুরূপ কুপনের অর্থ আলোচ্য ঋণপত্রের শুল্ক নির্ধারণে ধরা হইবে না।	
	রেয়াত/অব্যাহতি কোন সংবিধিবদ্ধ কোম্পানি অথবা অন্যান্য বিধিবদ্ধ সংস্থা কর্তৃক এইরূপ কোন নিবন্ধিত বন্ধকী দলিলের শর্তানুযায়ী ইস্যুকৃত কোন ঋণপত্রে যে বন্ধক দলিলে তদাধীনে ইস্যুকরণীয় ঋণপত্রের সম্পূর্ণ টাকা হিসাবে যথাযথ স্ট্যাম্পযুক্ত, যদ্বারা ঋণগ্রহণকারী কোম্পানি বা সংস্থা তাহাদের সম্পত্তির ঋণপত্র ধারকের কল্যাণার্থে সম্পূর্ণভাবে বা আংশিকভাবে ট্রাস্টিগণের নিকটে হস্তান্তর করেন; তবে শর্ত এই যে অনুরূপভাবে ইস্যুকৃত ঋণপত্র উক্ত বন্ধকী দলিলের শর্তানুসারে ইস্যুকৃত বলিয়া প্রকাশিত হয়। আরও দেখুন- বন্ড (নম্বর ১৫) এবং ধারা ৮ ও ৫৫। কোন ট্রাস্টের ঘোষণা; দেখুন ট্রাস্ট (নম্বর ৬৪)	

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
২৮।	**মালামাল খালাস আদেশ** (Delivery Order)- অর্থাৎ কোন দলিল যদ্বারা উহাতে উল্লেখিত কোন ব্যক্তি বা তাহার স্বত্ব নিয়োগী বা মনোনীত ব্যক্তি বা উক্ত আদেশের ধারক কোন পোতাশ্রয়ে বা বন্দরে, কিংবা কর বা ভাড়ার ভিত্তিতে পণ্যাদি গুদামজাত বা গচ্ছিত রাখিবার মত পণ্যাগারে বা জেটিঘাটে অবস্থিত পণ্যাদি খালাস করিবার অধিকারী হন- এইরূপ দলিলপত্রে উল্লেখিত সম্পত্তি বিক্রয় বা হস্তান্তর করিয়া পণ্যের মালিক কর্তৃক বা তাহার পক্ষে উল্লেখিত দলিল স্বাক্ষরিত হইতে হইবে, যদি অনুরূপ মূল্য দুই হাজার টাকার অধিক হয়। স্বত্বের দলিল আমানত বা গচ্ছিত রাখা [স্বত্বের দলিল, রেহেন বা বন্ধক (নম্বর ৬) গচ্ছিত রাখা সম্পর্কিত চুক্তি দেখুন] অংশীদারিত্ব বিলোপ, [দেখুন অংশীদারিত্ব (নম্বর ৪৬}]	পঞ্চাশ টাকা।
২৯।	**তালাক দলিল** (Divorce-Instrument of)- অর্থাৎ কোন দলিল বা নিদর্শনপত্র যদ্বারা কোন ব্যক্তি তাহার বিবাহ বিচ্ছেদ কার্যকর করেন। মোহরানা দলিল দেখুন- নিষ্পত্তি (নম্বর ৫৮) ডুপ্লিকেট বা প্রতিলিপি; কাউন্টারপার্ট (নম্বর ২৫) দ্রষ্টব্য	পাঁচশত টাকা।
৩০।	**অনুমতি** (Permission) - সুপ্রিম কোর্টে এ্যাডভোকেট হিসাবে আইন ব্যবসা করার জন্য	এক হাজার পাঁচশত টাকা।
৩১।	**সম্পত্তি বিনিময় দলিল** (Exchange of Property-Instrument of) Extract - দেখুন অনুলিপি (নম্বর ২৪)	দলিলে বিধৃত সর্বাধিক মূল্যমানের সম্পত্তির মূল্যের সমান হস্তান্তর দলিল (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
৩২।	**অধিকতর দায় নির্ধারক দলিল** (Further Charge-Instrument of) অর্থাৎ কোন দলিল যদ্বারা বন্ধকী সম্পত্তির উপর অধিকতর দায় আরোপিত হয় বা মূল্য আদায় করা হয় অথবা দায়িত্ব অর্পণ করা হয়-	
	(ক) যেইক্ষেত্রে মূল বন্ধকী দলিল ৪০(১) নম্বর আর্টিকেলের অনুচ্ছেদ (ক) এ নির্দেশিত বর্ণনার একটি হয় (অর্থাৎ দখল সহ);	অনুরূপ দলিলে বিধৃত সম্পত্তির সর্বোচ্চ পণের হস্তান্তর দলিল (নং ২৩) বাবদ প্রদেয় সমপরিমাণ মাশুল।
	(খ) যেইক্ষেত্রে মূল বন্ধকী দলিল ৪০(১) নম্বর আর্টিকেলের অনুচ্ছেদ (খ) এ নির্দেশিত বর্ণনার একটি হয় (অর্থাৎ দখল ব্যতীত)–	
	(১) যদি অধিকতর দায় নির্ধারক দলিলের সম্পাদনের সময়, অনুরূপ দলিলানুযায়ী সম্পত্তির দখল প্রদান করা হয় বা প্রদানের সম্মতি দেওয়া হয় তাহা হইলে;	অনুরূপ মূল বন্ধক এবং অধিকতর দায় নির্ধারক দলিল বাবদ ইতোমধ্যে প্রদত্ত মাশুল বাদে দায় এর সাকুল্য পরিমাণ সমান পণের হস্তান্তর দলিল (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(২) অনুরূপভাবে দখল প্রদান না করা হইলে।	অনুরূপ দলিলের দ্বারা প্রত্যাভূত বা নিশ্চিতকৃত অতিরিক্ত দায় এর বন্ড (নং ১৫) বাবদ প্রদেয় সমপরিমাণ মাশুল।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
৩৩।	**দান পত্র** (Gift Instrument of)- বা দান পত্রের দলিল যাহা বিলিবন্দেজ (নম্বর ৫৮) অথবা উইল বা হস্তান্তর (৬২) নয়- ভাড়া করার চুক্তি অথবা কার্য বা সেবা করার চুক্তি, দেখুন- চুক্তি (নম্বর ৫)।	অনুরূপ দলিলে বিধৃত সম্পত্তির মূল্যের সমান পণের হস্তান্তর দলিল (নং ২৩) বাবদ প্রদেয় একই মাশুল।
৩৪।	**ক্ষতি নিস্কৃতি বন্ড বা ইমডেমনিটি বন্ড** (Indemnity Bond)- পরিদর্শন দলিল; দেখুন - কম্পোজিশন দলিল (নম্বর ২২)।	সমপরিমাণ অর্থের সিকিউরিটি বন্ড (নং ৫৭) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
৩৫।	**ইজারা বা লীজ** (Lease)- যে ইজারা কোন দর-ইজারা বা নিম ইজারা এবং ভাড়া দেওয়া বা সাবলেট দেওয়া চুক্তিকে অন্তর্ভুক্ত করে- (ক) যেইক্ষেত্রে অনুরূপ ইজারা দ্বারা ভাড়া (rent) নির্ধারিত হয় কিন্তু কোন কিস্তি প্রদত্ত বা অর্পিত হয় না, সেইক্ষেত্রে–	
	(১) যেইক্ষেত্রে উক্ত ইজারা এক বৎসরের কম মেয়াদের বলিয়া অর্থ প্রকাশ হয়;	অনুরূপ ইজারার অধীন প্রদেয় বা অর্পণযোগ্য সাকুল্য অর্থের বটমরি বন্ড (নং ১৬) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(২) যেইক্ষেত্রে উক্ত ইজারা এক বৎসরের অধিক কিন্তু পাঁচ বৎসরের অধিক মেয়াদের নহে বলিয়া অর্থ প্রকাশ হয়;	বাৎসরিক সংরক্ষিত গড়ভাড়া বা গড়মূল্যের সমপরিমাণ অর্থের বটমরি বন্ড দলিল (নং ১৬) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(৩) যেইক্ষেত্রে উক্ত ইজারা পাঁচ বৎসরের অধিক কিন্তু দশ বৎসরের অধিক মেয়াদের নহে;	বাৎসরিক সংরক্ষিত গড়ভাড়া বা গড়মূল্যের সমপরিমাণ অর্থের CONVEYANCE (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(৪) যেইক্ষেত্রে উক্ত ইজারা দশ বৎসরের অধিক কিন্তু বিশ বৎসরের অধিক মেয়াদের নহে;	বাৎসরিক সংরক্ষিত গড়ভাড়া বা গড়মূল্যের দ্বিগুণ অর্থের CONVEYANCE (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(৫) যেইক্ষেত্রে উক্ত ইজারা বিশ বৎসরের অধিক কিন্তু ত্রিশ বৎসরের অধিক মেয়াদের নহে;	বাৎসরিক সংরক্ষিত গড়ভাড়া বা গড়মূল্যের তিনগুণ অর্থের CONVEYANCE (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(৬) যেইক্ষেত্রে উক্ত ইজারা ত্রিশ বৎসরের অধিক কিন্তু একশত বৎসরের অধিক মেয়াদের নহে;	বাৎসরিক সংরক্ষিত গড়ভাড়া বা গড়মূল্যের চারগুণ অর্থের CONVEYANCE (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(৭) যেইক্ষেত্রে উক্ত ইজারার মেয়াদ একশত বৎসরের অধিক অথবা চিরস্থায়ী মেয়াদের জন্য হয়;	শুধুমাত্র কৃষিকাজের উদ্দেশ্যে প্রদত্ত হলে প্রথম পঞ্চাশ বছরের এক-দশমাংশ এবং অন্যান্য ক্ষেত্রে- প্রথম পঞ্চাশ বৎসরের এক-ষষ্ঠাংশ অর্থের CONVEYANCE (নং ২৩)-এর অনুরূপ একই পরিমাণ মাশুল।
	(৮) যেইক্ষেত্রে উক্ত ইজারা কোন নির্দিষ্ট মেয়াদের বলিয়া অর্থ প্রকাশক হয় না;	ইজারা অব্যাহত থাকিলে প্রথম দশ বৎসরের বাৎসরিক সংরক্ষিত গড়ভাড়া বা গড় মূল্যের তিনগুণ অর্থের CONVEYANCE (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
	(খ) যেইক্ষেত্রে উক্ত ইজারা জরিমানা বা কিস্তি বা অগ্রিম প্রদত্ত অর্থের জন্য দেওয়া হয় এবং যেইক্ষেত্রে কোন কর সংরক্ষিত না থাকে সেইক্ষেত্রে;	ইজারায় ঘোষিত জরিমানা বা অগ্রিম প্রদত্ত মূল্যের সমপরিমাণ অর্থের CONVEYANCE (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(গ) যেইক্ষেত্রে ইজারা সংরক্ষিত করের অতিরিক্ত জরিমানা বা কিস্তি বা অগ্রিম অর্থের জন্য মঞ্জুর করা হয়। **রেয়াত/অব্যাহতি** একজন কৃষকের ক্ষেত্রে এবং কৃষি কাজের উদ্দেশ্যে একটি ইজারা (মালামাল অথবা পানীয় উৎপাদনের উদ্দেশ্যে বৃক্ষাদির ইজারা ইহার অন্তর্ভুক্ত) কোন জরিমানা বা কিস্তি প্রদান বা পরিশোধ না করিয়াই সম্পাদিত হয় এবং এই প্রকার ইজারার মেয়াদ এক বৎসরের অধিক হয় না, অথবা যেখানে সংরক্ষিত গড় বার্ষিক কর একশত টাকার অধিক হয় না -সেইক্ষেত্রে; এই রেয়াতে কৃষি কাজের উদ্দেশ্যে সম্পাদিত ইজারার ক্ষেত্রে বসত বাড়ি বা পুকুরসহ কৃষি কাজের নিমিত্ত কৃষি জমির ইজারা অন্তর্ভুক্ত হইবে।	যদি কোন জরিমানা বা কিস্তি বা অগ্রিম প্রদত্ত বা অর্পিত না হয়, তাহা হইলে অনুরূপ ইজারা বাবদ যে মাশুল প্রদেয় হইত, তাহা ছাড়াও ইজারায় বিধৃত জরিমানা বা কিস্তি অথবা অগ্রিম অর্থ বা মূল্যের সমান পণের হস্তান্তর দলিল (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল। তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রে যখন ইজারা চুক্তি মোতাবেক ইজারার জন্য প্রয়োজনীয় 'মূল্যানুসারে' স্ট্যাম্প দিয়া কোন স্ট্যাম্প যুক্ত দলিল পরবর্তীকালে সম্পাদিত হয়, সেই ক্ষেত্রে অনুরূপ ইজারা বাবদ প্রদেয় শুল্ক চারশত টাকার অধিক হইবে না।
৩৬।	**শেয়ার বরাদ্দ বাবদপত্র** (Letter of Allotment of Shares)- কোন কোম্পানি বা প্রস্তাবিত কোম্পানির শেয়ার অথবা কোন কোম্পানি বা প্রস্তাবিত কোম্পানি কর্তৃক সংগৃহীতব্য বা উত্তোলন করা হইবে এইরূপ ঋণ সম্পর্কিত শেয়ার। আরও দেখুন সার্টিফিকেট অথবা অন্যবিধ দলিল (নম্বর ১৯)।	বিশ টাকা।
৩৭।	**লেটার অব ক্রেডিট** (Letter of Credit)- অর্থাৎ এইরূপ দলিল যদ্বারা, উহা যাহার অনুকূলে রচিত হয় বা 'ড্রন' হয় তাহাকে ঋণ প্রদানের জন্য এক জন ব্যক্তি অন্য কোন ব্যক্তিকে কর্তৃত্ব প্রদান করে। লেটার অব গ্যারান্টি (দায়িত্ব গ্রহণ বা জামিনদারের পত্র) দেখুন চুক্তি (নম্বর ৫);	তিনশত টাকা।
৩৮।	**লাইসেন্স বা অনুমতিপত্র** (Letter of Licence) - অনুমতিপত্র অর্থাৎ ঋণ গ্রহীতা এবং ঋণদাতার মধ্যে এইরূপ কোন চুক্তি যাহাতে ঋণদাতা কিছু নির্দিষ্ট সময়ের জন্য তাহাদের দাবি স্থগিত রাখিবেন এবং ঋণগ্রহীতাকে তাহার নিজ উদ্যোগে বা বিবেচনানুযায়ী ব্যবসা পরিচালনা করার জন্য অনুমতি দিবেন।	তিনশত টাকা।
৩৯।	**কোন কোম্পানির মেমোরেন্ডাম অব এসোসিয়েশন বা স্মারক** (Memorandum of Association of a Company)- (ক) যদি ১৯৯৪ সনের কোম্পানি আইনের ১৭ ধারা অনুযায়ী আর্টিকেল অব এসোসিয়েশন উহার সঙ্গে সংযোজিত হয়;	এক হাজার টাকা।
	(খ) যদি উহার সঙ্গে সংযোজিত না থাকে– (১) শেয়ার ক্যাপিটাল পাঁচ লক্ষ টাকার অধিক না হইলে;	দুই হাজার টাকা।
	(২) শেয়ার ক্যাপিটাল পাঁচ লক্ষ টাকার অধিক হইলে। **রেয়াত/অব্যাহতি** কোন সংস্থার স্মারকপত্র যাহা লাভের জন্য গঠিত হয় না কিন্তু ১৯১৩ সালের কোম্পানি আইনের ২৬ ধারায় নিবন্ধনকৃত হয়।	তিন হাজার টাকা।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
৪০।	**(১) বন্ধকী দলিল** (Mortgage Deed not being an Agreement relating to deposit of title deeds)- যাহা স্বত্বের দলিল, রেহেন বা খত (নং ৬) গচ্ছিত রাখিবার কোন চুক্তিপত্র নহে, বা বটমরি বন্ড (নং ১৬), শস্য বন্ধক দলিল (নম্বর ৪১), রেসপনডেনশিয়া বন্ড (নং ৫৬) অথবা সিকিউরিটি বন্ড (নং ৫৭) নহে;	
	(ক) যেইক্ষেত্রে এইরূপ দলিলের অন্তর্ভুক্ত সম্পত্তির বা উহার কোন অংশের দখল বন্ধকদাতা কর্তৃক প্রদান করা হয় বা তজ্জন্য সম্মতি প্রদান করা হয়;	অনুরূপ দলিলের দ্বারা প্রত্যাভূত বা নিশ্চিতকৃত অর্থের সমান হস্তান্তর দলিল (নং ২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(খ) যেইক্ষেত্রে উপরোক্তভাবে দখল দান করা হয় না বা তজ্জন্য সম্মতি দেওয়া হয় না; **ব্যাখ্যা**ঃ বন্ধকদাতা যিনি বন্ধকী সম্পত্তি বা উহার কোন অংশের কর আদায় অথবা ইজারা প্রদানের জন্য বন্ধক গ্রহীতাকে পাওয়ার অব এটর্নি প্রদান করেন, তাহা এই অনুচ্ছেদের অর্থানুসারে দখল প্রদান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।	অনুরূপ দলিলের দ্বারা প্রত্যাভূত বা নিশ্চিতকৃত অর্থের সমান বন্ড (নং ১৫) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
	(গ) যেইক্ষেত্রে কোন কো-লেটারাল বা সহায়ক বা অতিরিক্ত বা বিকল্প জামানত বা অধিকতর নিশ্চয়তামূলক ব্যবস্থা উপরে বর্ণিত উদ্দেশ্য পূরণ করে যেখানে প্রধান বা প্রাইমারি জামানতের অনধিক দশ হাজার টাকার প্রত্যেক প্রত্যাভূত (নিশ্চয়তা প্রদত্ত) অর্থ যথাযথভাবে স্ট্যাম্পযুক্ত হয়; এবং	পঞ্চাশ টাকা।
	জামানত দশ হাজার টাকার উর্ধ্বে হইলে প্রত্যেক দশ হাজার বা উহার অংশের জন্য। **রেয়াত/অব্যাহতি** (ক) ১৮৮৩ সালের ল্যান্ড ইমপ্রুভমেন্ট লোনস্ এ্যাক্ট বা ভূমি উন্নয়ন ঋণ আইন অথবা ১৮৮৪ সালের এগ্রিকালচারিস্ট লোন্স এ্যাক্ট বা কৃষিজীবী কর্জ আইন-এর অধীন অগ্রিম গ্রহণকারী ব্যক্তিগণ কর্তৃক অথবা তাহাদের জামিনদারগণ কর্তৃক উক্ত অগ্রিম টাকা পরিশোধকরণের নিশ্চয়তা বিধানার্থে সম্পাদিত দলিলাদি; (খ) বিনিময় বিলের সহিত সংযোজিত কোন বন্ধকীপত্র। (গ) ১৯৯৮ সালের কর্মসংস্থান ব্যাংক আইনের (১৯৯৮ সালের ৭ নং আইন) অধীন প্রতিষ্ঠিত কর্মসংস্থান ব্যাংক হইতে ঋণ গ্রহণকারী ব্যক্তিগণ কর্তৃক গৃহীত ঋণের টাকা পরিশোধের নিশ্চয়তা বিধানার্থে সম্পাদিত দলিলাদি।	একশত টাকা।
৪০ (২)।	**কোন একটি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে কর্জ বা ঋণ বাবদ একটি বন্ধকী দলিল সম্পাদন করা হইলে-** (Mortgage Deed in favour of a Bank or Financial Institution in respect of loan)-	
	(ক) বিশ লক্ষ টাকা পর্যন্ত;	দুই হাজার টাকা।
	(খ) বিশ লক্ষ টাকার অধিক কিন্তু এক কোটি টাকার অধিক নহে;	পাঁচ হাজার টাকা।
	(গ) এক কোটি টাকার উর্ধ্বে।	প্রথম এক কোটি টাকার জন্য পাঁচ হাজার টাকা এবং ইহার পরে অবশিষ্ট ঋণের টাকা বাবদ ০.১০% হারে অতিরিক্ত শুল্ক।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
৪১।	**মর্টগেজ অব ক্রপ বা শস্য বন্ধক** (Mortgage of a Crop)- বন্ধককালে শস্য বিদ্যমান থাকুক, বা না থাকুক, শস্যের বন্ধকের উপর যে ঋণ করা হইয়াছে উহার পরিশোধ নিশ্চিতকল্পে সম্পাদিত কোন চুক্তির সাক্ষ্য হিসাবে সম্পাদিত দলিলপত্র ইহার অন্তর্ভুক্ত হইলে-	
	(ক) যেইক্ষেত্রে উক্ত ঋণ দলিলের তারিখ হইতে অনধিক তিন মাসের মধ্যে পুনঃপরিশোধযোগ্য সেই ক্ষেত্রে–	
	(১) প্রত্যাভূত (নিশ্চিতকৃত) অর্থের পরিমাণ অনধিক এক হাজার টাকা হইলে প্রত্যেক পরিমাণ বাবদ;	দশ টাকা।
	২) প্রত্যাভূত (নিশ্চিতকৃত) অর্থের পরিমাণ এক হাজার টাকার অধিক হইলে প্রতি এক হাজার টাকা বা উহার অংশ বাবদ।	দশ টাকা।
	(খ) যেইক্ষেত্রে উক্ত ঋণ দলিলের তারিখ হইতে তিন মাসের অধিক কিন্তু ১৮ মাসের কম সময়ে পরিশোধযোগ্য-	
	(১) নিশ্চিতকৃত টাকার পরিমাণ অনধিক এক হাজার টাকা হইলে এইরূপ প্রত্যেক অঙ্কের জন্য;	দশ টাকা।
	(২) নিশ্চিতকৃত টাকার পরিমাণ অনধিক এক হাজার টাকার অধিক হইলে এইরূপ প্রতি এক হাজার টাকা বা উহার অংশ বাবদ।	দশ টাকা।
৪২।	**নোটারিয়াল কার্যাদি** (Notarial Act)- অর্থাৎ কোন দলিল, পৃষ্ঠাঙ্কন, নোট, প্রত্যয়ন, সনদ বা প্রশংসাপত্র, এন্ট্রি বা লিপিবদ্ধকরণ- যাহা প্রতিবাদলিপি (নং ৫০) নহে, যাহা নোটারি পাবলিক কর্তৃক তাহার অফিস বা পদের কর্তব্য সম্পাদনকালে সম্পন্ন অথবা দস্তখতকৃত অথবা অন্য কোন ব্যক্তি যিনি আইনানুগভাবে নোটারি পাবলিকের কাজ করিতেছেন- এমন কোন ব্যক্তি দ্বারা সম্পন্ন বা দস্তখতকৃত। আরও দেখুন প্রতিবাদ বিল বা নোট (নং ৫০)।	দুইশত টাকা।
৪৩।	**নোট বা স্মারকলিপি** (Note or Memorandum) – যাহা কোন দালাল বা এজেন্ট কর্তৃক তাহার প্রধানের নিকট প্রেরিত হয় এবং তাহার অনুরূপ প্রধানের অর্থ দ্বারা অনুরূপ পণ্য ক্রয়-বিক্রয় অবহিত করা হয়।	
	(ক) এক হাজার টাকার অধিক মূল্যের কোন পণ্য ক্রয় বা বিক্রয় বাবদ;	বিশ টাকা।
	(খ) এক হাজার টাকার অধিক মূল্যের কোন স্টক বা মওজুদ মাল অথবা বিপণনযোগ্য জামানত, কিন্তু যাহা কোন সরকারি জামানত নহে, উহার বাবদ;	মওজুদ বা জামানতের মূল্যের প্রতি দশ হাজার টাকা অথবা উহার অংশ বাবদ বিশ টাকা।
	(গ) সরকারি জামানত সম্পর্কীয়।	(খ) এর মত।
৪৪।	**কোন জাহাজের মাস্টারের প্রতিবাদ নোট** (Notes of Protest by the Master of a Ship)- আরও দেখুন কোন জাহাজের মাস্টারের প্রতিবাদ (নং ৫১) দেখুন বিনিময় বিল (নং ১৩)	তিনশত টাকা।
৪৫।	**বণ্টন দলিল বা বন্টক দলিল** (Partition-Instrument of)- ধারা ২ (১৫) দ্বারা সংজ্ঞায়িত	সম্পত্তির পৃথক পৃথক শেয়ার অর্থ বা মূল্যের বন্ড (নং ১৫) বাবদ একই পরিমাণ শুল্ক।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
		বিঃদ্রঃ সম্পত্তি বাটোয়ারার পর যে বৃহত্তম শেয়ার অবশিষ্ট থাকে তাহা (অথবা যদি সমমূল্যের এইরূপ দুই বা ততোধিক শেয়ার থাকে যাহা অন্যান্য শেয়ার হইতে ক্ষুদ্রতর নহে, তাহা হইলে এইরূপ শেয়ারের একটি) হইতেই অন্যান্য শেয়ার পৃথক করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। তবে শর্ত থাকে যে– (ক) যেইক্ষেত্রে ব্যক্তিগত মালিকানায় সম্পত্তি বিভক্তির সম্মতি সম্বলিত কোন বাটোয়ারা দলিল সম্পাদিত হয় এবং অনুরূপ দলিল বাবদ আদায়যোগ্য মাশুল হইতে প্রথমোক্ত দলিল বাবদ প্রদত্ত মাশুল বাদ যাইবে, তবে আদায়যোগ্য মাশুলের পরিমাণ পঞ্চাশ টাকার কম হইবে না; (খ) যেইক্ষেত্রে রাজস্ব বন্দোবস্ত অনুযায়ী অনধিক ত্রিশ বৎসরের জন্য ভূমি দখল থাকে সেইক্ষেত্রে মাশুলের উদ্দেশ্যে উহার মূল্য উক্ত ভূমির বার্ষিক রাজস্বের অনধিক পাঁচ গুণ হারে হিসাব করা যাইবে; (গ) বাটোয়ারা কার্যকর কল্পে কোন রাজস্ব বন্দোবস্ত কর্তৃপক্ষ অথবা কোন দেওয়ানি আদালতের চূড়ান্ত আদেশে অথবা বাটোয়ারার নির্দেশ সম্বলিত কোন সালিশের রোয়েদাদ যদি বাটোয়ারা দলিলের জন্য প্রয়োজনীয় মূল্যের স্ট্যাম্পযুক্ত হয় এবং অনুরূপ আদেশ বা রোয়েদাদ অনুসারে কোন বাটোয়ারা দলিল সম্পাদিত হয়, তাহা হইলে অনুরূপ দলিল বাবদ প্রদেয় মাশুল পঞ্চাশ টাকার উর্ধ্বে হইবে না।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
৪৬।	**অংশীদারিত্ব** (Partnership)- **ক. অংশীদারিত্ব দলিল** (ক) অর্থাৎ অংশীদারী কারবারের মূলধন অনধিক পঞ্চাশ হাজার টাকা হইলে; (খ) অন্যান্য ক্ষেত্রে। খ. অংশীদারিত্ব দলিল বিলোপ (Dissolution of Partnership)। **দ্রষ্টব্যঃ** স্বত্বের দলিল, বন্ধক বা রেহেন গচ্ছিত রাখা সম্পর্কিত চুক্তি (নং- ৬)।	 এক হাজার টাকা। দুই হাজার টাকা। এক হাজার টাকা।
৪৭।	**বীমা পলিসি** (Policy of Insurance)- **ক. সাগর বীমা (ধারা ৭) দ্রষ্টব্য** ১) কোন সমুদ্র যাত্রার জন্য অথবা সমুদ্রে গমনকালীন সময়ের জন্য– (i) যেইক্ষেত্রে প্রিমিয়াম বা পণ উক্ত পলিসি দ্বারা বীমাকৃত অর্থের শতকরা বারো পয়সা হারের অধিক নয় অথবা এক অষ্টমাংশ হারের অধিক নহে সেইক্ষেত্রে; (ii) অন্য কোন ক্ষেত্রে উক্ত পলিসি দ্বারা বীমাকৃত একহাজার পাঁচশত টাকার জন্য পূর্ণ অঙ্কের এবং উহার কোন ভগ্নাংশের জন্য, প্রত্যেক ক্ষেত্রে। **২) সময়ের জন্য-** (iii) যেইক্ষেত্রে অনধিক বারো মাসের জন্য বীমা করা হয় সেইক্ষেত্রে উক্ত পলিসি দ্বারা বীমাকৃত এক হাজার টাকার পূর্ণ অঙ্কের জন্য এবং উহার কোন ভগ্নাংশের জন্যও, প্রত্যেক ক্ষেত্রে। **খ. অগ্নিবীমা বা অন্যান্য শ্রেণীর বীমা** পণ্য, বাণিজ্যিক পণ্য, ব্যক্তিগত মালামাল শস্য এবং অন্যান্য সম্পত্তির ক্ষয়ক্ষতির বিরুদ্ধেকৃত অগ্নিবীমা বা অন্যান্য শ্রেণির বীমা, যাহা এই অনুচ্ছেদে অন্যত্র অন্তর্ভুক্ত নহে, সেই ক্ষেত্রে- **(১) মূল পলিসি সংক্রান্ত হইলে, সেইক্ষেত্রে-** (অ) বীমাকৃত অর্থের পরিমাণ অনূর্ধ্ব ১০,০০০ টাকা হইলে; (আ) অন্যান্য ক্ষেত্রে। (২) একটি মূল পলিসির নবায়নের উপর প্রিমিয়ামের প্রত্যেক কিস্তি পরিশোধের রসিদের ক্ষেত্রে।	 এক টাকা। এক টাকা। এক টাকা। পঁচিশ টাকা। পঞ্চাশ টাকা। মূল পলিসির উপর প্রদেয় শুল্কের অর্ধেক এবং ইহার অতিরিক্ত নম্বর ৫৩ এর অধীন কোন শুল্ক যদি আদায়যোগ্য হয় উহাও,

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
	গ. দুর্ঘটনা বা অসুস্থতা বীমা- (১) কোন একক দুর্ঘটনার ক্ষেত্রে অথবা উক্ত দুর্ঘটনা হইতে উদ্ভূত অসুস্থতা বা মৃত্যুর ক্ষেত্রে-	(ক) প্রদানযোগ্য অর্থের পরিমাণ অনূর্ধ্ব দশ হাজার টাকা হইলে- দুই টাকা। (খ) প্রদানযোগ্য অর্থের পরিমাণ দশ হাজার টাকার উর্ধ্বে হইলে- প্রতি দুই হাজার পাঁচশত টাকা বা ইহার অংশের জন্য এক টাকা। (গ) দুর্ঘটনা হইতে মৃত্যুর ঝুঁকি গ্রহণকারী বীমা পলিসির ক্ষেত্রে প্রদেয় বার্ষিক প্রিমিয়ামের পরিমাণ প্রতি হাজারে দুই টাকা পঞ্চাশ পয়সার অনূর্ধ্ব হইলে প্রতি হাজার ও ইহার অংশের জন্য স্ট্যাম্প শুল্ক হইবে পাঁচ পয়সা।
	ঘ. বীমাকারী কর্তৃক বা তদাধীনে নিযুক্ত শ্রমিকের দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিপূরণ প্রদানের দায় দায়িত্বের বিরুদ্ধে অথবা ১৯২৩ সালের শ্রমিক ক্ষতিপূরণ আইনের অধীনে ক্ষতিপূরণদানের দায় এর বিরুদ্ধে নিষ্পত্তি স্বরূপ বীমার কিস্তি বাবদ প্রদেয় প্রতি একশত টাকা বা উহার অংশের জন্য।	দুই টাকা।
	ঙ. জীবন বীমা অথবা সুনির্দিষ্টভাবে ব্যবস্থিত বা প্রদত্ত হয় নাই এইরূপ অন্যবিধ বীমা, এই অনুচ্ছেদে চ বিভাগের বর্ণিত পুনঃবীমা ব্যতীত-	
	(১) বীমাকৃত টাকার পরিমাণ অনধিক এক হাজার টাকা হইলে, প্রত্যেক ক্ষেত্রে;	দুই টাকা।
	(২) বীমাকৃত টাকার পরিমাণ এক হাজার টাকার অধিক কিন্তু পাঁচ হাজার টাকার কম হইলে, প্রত্যেক ক্ষেত্রে;	চার টাকা।
	(৩) বীমাকৃত টাকার পরিমাণ পাঁচ হাজার টাকার অধিক কিন্তু দশ হাজার টাকার অধিক না হইলে, এবং দশ হাজার টাকার অধিক প্রত্যেক পাঁচ হাজার টাকা অথবা উহার অংশের জন্য।	পাঁচ টাকা।
	রেয়াত/অব্যাহতি সরকারি কর্তৃত্বের অধীন জারীকৃত ডাক জীবন বীমার জন্য প্রণীত বিধিমালা অনুযায়ী ডাকঘরসমূহের মহাপরিচালক কর্তৃক মঞ্জুরিকৃত পোস্টাল জীবন বীমার পলিসিসমূহ।	
	চ. এই অনুচ্ছেদের ক বিভাগ অথবা খ বিভাগে বর্ণিত ধরনের মূল বীমা পলিসি মঞ্জুরকারী কোন বীমা কোম্পানি কর্তৃক অন্য কোন কোম্পানিতে পুনরায় বীমা করা, যাহার উদ্দেশ্য হইতেছে বীমাকৃত অর্থের কিছু অংশের মূল বীমা বাবদ অর্থ প্রদানের ক্ষতিপূরণ বা গ্যারান্টি প্রদান।	মূল দলিল সম্পর্কীয় প্রদেয় মাশুলের ১/৪ পরিমাণ কিন্তু দুই টাকার কম নহে।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
	সাধারণ রেয়াত	
	কোন বীমা পলিসি ইস্যু করিবার নিমিত্ত 'লেটার অব কভার' বা এনগেজমেন্ট;	
	তবে শর্ত থাকে যে, এইরূপ পলিসির জন্য এই আইনের দ্বারা নির্ধারিত স্ট্যাম্প উক্ত লেটার অব কভার বা এনগেজমেন্ট না থাকিলে, তদাধীনে কোন দাবি করা যাইবে না অথবা উহাতে উল্লেখিত পলিসি ডেলিভারি দিতে বাধ্য করা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে কোন কাজে লাগিবে না।	
৪৮।	**পাওয়ার অব অ্যাটর্নি** (Power of Attorney)- ২ (২১) ধারায় সংজ্ঞায়িত এবং যাহা কোন প্রক্সি নহে-	
	(এ) কোন একক লেনদেন সংক্রান্ত এক বা একাধিক দলিল নিবন্ধন করাইবার একমাত্র উদ্দেশ্যে অথবা একটি বা একাধিক অনুরূপ দলিল সম্পাদনের স্বীকৃতি দানের জন্য সম্পাদিত হইলে;	পাঁচশত টাকা।
	(বি) পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২ এর ২(৭) ধারার উদ্দেশ্যে সম্পাদিত পাওয়ার অব অ্যাটর্নির ক্ষেত্রে;	এক হাজার টাকা
	(সি) কোন তফসিলী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে ঋণ, অগ্রিম বা অন্য কোন ঋণ সুবিধা গ্রহণকালীন উক্ত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে ঋণগ্রহীতা কর্তৃক ঋণ পরিশোধের ব্যর্থতার কারণে তাহার স্থাবর সম্পত্তি বিক্রয়ের মাধ্যমে ঋণের টাকা আদায়ের ক্ষমতা অর্পণের জন্য প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নির ক্ষেত্রে;	এক হাজার টাকা
	ব্যাখ্যাঃ এই অনুচ্ছেদে-	
	(i) "আর্থিক প্রতিষ্ঠান" এর অর্থ হইতেছে ১৯৭২ সালের বাংলাদেশ শিল্প ব্যাংক আদেশে (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৯ নং আদেশ) প্রতিষ্ঠিত বাংলাদেশ শিল্প ব্যাংক, ১৯৭২ সালের বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশে (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৮ নং আদেশ) প্রতিষ্ঠিত বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা এবং ১৯৭৩ সালের বাংলাদেশ গৃহ নির্মাণ ঋণদান আদেশে (রাষ্ট্রপতির ১৯৭৩ সনের ৭ নং আদেশ) প্রতিষ্ঠিত বাংলাদেশ গৃহনির্মাণ ঋণ সংস্থা;	
	(ii) "তফসিলী ব্যাংক"- এর অর্থ হইতেছে ১৯৭২ সালের বাংলাদেশ ব্যাংক আদেশের (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং আদেশ), আর্টিকেল ২, অনুচ্ছেদ (ঞ) দ্বারা সংজ্ঞায়িত তফসিলি ব্যাংক"।	
	(সিসি) পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২ এর ধারা ২ এর ক্লজ (২) দ্বারা সংজ্ঞায়িত অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি যদ্বারা কোনরূপ পণমূল্য ব্যতীত অ্যাটর্নিকে স্থাবর সম্পত্তির বিক্রয়, বিক্রয়ের নিমিত্ত চুক্তি অথবা ঋণ গ্রহণের বিপরীতে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে বন্ধকি দলিল সম্পাদন করার ক্ষমতা প্রদান করা হয়;	এক হাজার টাকা।
	(ডি) পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২ এর ২(২) ধারায় সংজ্ঞায়িত পণ মূল্যের বিনিময়ে সম্পাদিত অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি দলিলের ক্ষেত্রে;	পণ মূল্যের ৩%, যাহা ছয় হাজার টাকার নিম্নে এবং ষাট হাজার টাকার উর্ধ্বে নহে।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
৪৯।	**প্রমিসরি নোট বা প্রত্যর্থ পত্র** (Promisory Note) - ধারা ২ (২২) দ্বারা সংজ্ঞায়িত ক) যেইক্ষেত্রে দাবিক্রমে প্রদেয়, সেইক্ষেত্রে- (১) যখন অর্থের পরিমাণ বা মূল্য অনধিক দুই হাজার টাকা; (২) যখন অর্থের পরিমাণ বা মূল্য দুই হাজার টাকার উর্ধ্বে কিন্তু অনূর্ধ্ব দশ হাজার টাকা; (৩) অন্যান্য ক্ষেত্রে। (খ) যেইক্ষেত্রে দাবিকৃত ব্যতীত অন্য প্রকারে (প্রকারান্তরে) প্রদেয় হয় সেই ক্ষেত্রে।	 দশ টাকা। বিশ টাকা। পঞ্চাশ টাকা। দাবিক্রমে ব্যতীত প্রকারান্তরে বা অন্য প্রকারে প্রদেয় একই পরিমাণ অর্থের বিনিময় বিল (নং ১৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
৫০।	**প্রতিবাদ বিল বা নোট** (Portest of Bill or Note)- অর্থাৎ কোন বিনিময় বিল বা প্রত্যর্থপত্র-এর টাকা প্রদানের অস্বীকৃতি সম্পর্কে প্রত্যয়নকারী কোন নোটারি পাবলিক বা তদস্থলে আইনগতভাবে অনুরূপ কার্যরত অন্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত লিখিত ঘোষণা।	দুইশত টাকা।
৫১।	**জাহাজের মাস্টারের প্রতিবাদ জ্ঞাপনের প্রতিবেদন** (Protest by the Master of a Ship)- অর্থাৎ উহার (জাহাজের) সমুদ্র যাত্রার বিবরণ সংক্রান্ত কোন ঘোষণা যাহা ক্ষতি সমন্বয় করার বা গড় হিসাব নিরূপণের জন্য তৎকর্তৃক তৈয়ারি এবং জাহাজ মাস্টারের সেই সকল লিখিত ঘোষণা যাহা জাহাজে মাল বোঝাই বা খালাস না করিবার কারণে ভাড়াকারী বা চালানদারের বিরুদ্ধে প্রণীত হয়, যেইক্ষেত্রে এইরূপ ঘোষণা কোন নোটারি পাবলিক অথবা আইনসম্মতভাবে তদ্রূপ কার্যরত অন্য কোন ব্যক্তি কর্তৃক প্রত্যায়িত বা সত্যায়িত হয়। আরো দেখুন কোন জাহাজ মাস্টারের প্রতিবাদ লিপি (নং ৪৪)	তিনশত টাকা।
৫২।	**প্রক্সি** (Proxy)- যদ্বারা কোন ব্যক্তি পৌর সভার কমিশনারদের কোন একটি নির্বাচনে ভোট দানের অথবা (ক) যে সংবিধিবদ্ধ সংস্থা বা অন্যান্য বিধিবদ্ধ সংস্থার স্টক বা তহবিল শেয়ারে বিভক্ত ও হস্তান্তরযোগ্য উহার সদস্যদের (খ) কোন স্থানীয় কর্তৃপক্ষ অথবা (গ) কোন প্রতিষ্ঠানের মালিক, সদস্য কিংবা কোন প্রতিষ্ঠানের তহবিলের চাঁদাদাতাগণের কোন একটি সভায় ভোট দানের জন্য ক্ষমতা প্রাপ্ত হন।	বিশ টাকা।
৫৩।	**রসিদ** (Receipt)- ২(২৩) ধারার সংজ্ঞানুযায়ী যাহা কোন অর্থ বা অন্যবিধ সম্পত্তির ক্ষেত্রে যাহার পরিমাণ বা মূল্য ৪০০/- টাকার উর্ধ্বে।	দশ টাকা।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
	রেয়াত/অব্যাহতি রসিদ, যাহা- (ক) যথাযথ স্ট্যাম্পযুক্ত কোন দলিল বা ৩ ধারার শর্তাংশের অধীন রেয়াতপ্রাপ্ত কোন দলিলপত্র (সরকারের পক্ষে সম্পাদিত দলিলসমূহ) বা উল্লিখিত পণের পরিশোধযোগ্য অর্থের প্রাপ্তি স্বীকারমূলক বা দাবিক্রমে পরিশোধযোগ্য কোন চেক বা প্রত্যর্থ পত্র বা কোন মূল বা প্রধান (প্রিন্সিপাল) অর্থ, সুদ বা বৃত্তি প্রাপ্তি বাবদ, অথবা যদ্বারা অপরাপর মেয়াদি অর্থ প্রদান করা নিশ্চিত/প্রত্যাভূত হয় এইরূপ কোন দলিলে পৃষ্ঠাঙ্কিত হয় বা বিধৃত হয়; (খ) পণহীন কোন অর্থ প্রদান বাবদ; (গ) সরকারি রাজস্ব হিসাবে জমি বা ভূমি বাবদ সংশ্লিষ্ট কোন কৃষক কর্তৃক কর প্রদান বাবদ; (ঘ) সেনাবাহিনী, নৌ-বাহিনী ও বিমান বাহিনীতে চাকুরিরত নন-কমিশন অফিসার, পেটি অফিসার, সৈনিক, নাবিক ও বৈমানিকগণের অথবা মাউন্টেড পুলিশ, কনস্টেবলদের (যখন তাহারা এই সব পদে কর্তব্যরত থাকেন) বেতন, ভাতা ইত্যাদি বাবদ প্রদান; (ঙ) উক্ত বাহিনীসমূহে অনুরূপ পদে চাকুরিরত ব্যক্তিদের এইরূপ কোন ব্যক্তির পারিবারিক সনদপত্র/সুপারিশ পত্রসহ ধারকগণ কর্তৃক প্রদত্ত যেইক্ষেত্রে যাহার বেতন বা ভাতা উক্ত রসিদের বিষয়বস্তু; (চ) নন-কমিশন বা পেটি অফিসার, সৈনিক বা নাবিক বা বৈমানিক হিসবে কর্মরত (এবং অন্য কোন সরকারি পদে কর্মরত নহে) ব্যক্তিগণ তাহাদের চাকুরি বিষয়ক যে অবসর ভাতা ইত্যাদি গ্রহণ করেন তদসংক্রান্ত হয়; (ছ) কোন সর্দার বা নম্বরদার যে ভূমি রাজস্ব বা খাজনা বা খাজনা আদায় করেন তাহা বাবদ তৎকর্তৃক প্রদত্ত রসিদ; (জ) কোন ব্যাংকারের নিকট গচ্ছিত এইরূপ অর্থ বা অর্থের জামানত বাবদ প্রদত্ত রসিদ যাহার হিসাব রাখিতে হইবে। তবে শর্ত থাকে যে, অনুরূপ হিসাব যাহার নিকট দিতে হইবে তিনি ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক রসিদ গৃহীত হইয়াছে বলিয়া প্রকাশ করা না হয়।	

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
৫৪।	**বন্ধকী সম্পত্তির পুনঃহস্তান্তরের দলিল** (Reconveyance of Mortgaged Property)- (ক) যে পণের বিনিময়ে সম্পত্তি বন্ধক দেওয়া হইয়াছিল উহার পরিমাণ ১০০০/- টাকার উর্ধ্বে না হইলে; (খ) অন্য কোন ক্ষেত্রে।	হস্তান্তর দলিলে (নং ২৩) উল্লেখিত অনুরূপ পণের অর্থ বাবদ প্রদেয় এই পরিমাণ মাশুল। তিনশত টাকা।
৫৫।	**মুক্তিপত্র বা না-দাবিপত্র** (Release)- অর্থাৎ (২৩-ক ধারায় ব্যবহৃত মুক্তিপত্র ব্যতীত) এইরূপ কোন দলিল বা নিদর্শন পত্র যদ্বারা কোন ব্যক্তি অন্য ব্যক্তির উপর অথবা কোন নির্দিষ্ট সম্পত্তির উপর তাহার দাবি পরিত্যাগ করে সেই ক্ষেত্রে- ক) দাবির অর্থ বা মূল্য ২,০০০/- টাকার অধিক না হইলে; খ) অন্যান্য ক্ষেত্রে।	মুক্তিপত্রে বিধৃত পণের অঙ্ক বা মূল্যের জন্য বন্ড (নং-১৫) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল। দুইশত টাকা।
৫৬।	**রেসপনডেনশিয়া বন্ড** (Respondentia Bond) আর্থাৎ কোন দলিল যদ্বারা জাহাজে বোঝাইকৃত বা জাহাজে বোঝাই করিতে হইবে এইরূপ জাহাজী পণ্য বাবদ ঋণ গ্রহণ প্রত্যাভূত বা নিশ্চিত হয় এবং তজ্জন্য অর্থ পরিশোধকরণ উক্ত পণ্য গন্তব্যস্থলে পৌঁছাসাপেক্ষে হয়। জিম্মা বা নিষ্পত্তি (Revocation of Trust or Settlement) অথবা নিষ্পত্তি (নং-৫৮) : জিম্মা বা ট্রাস্ট (নং-৬৪) দ্রষ্টব্য। দেখুন- নিষ্পত্তি (নং ৫৮); ট্রাস্ট (নং ৬৪)	প্রত্যাভূত ঋণের অর্থের বটমরি বন্ড (নং-১৬) বাবদ প্রদেয় সম-পরিমাণ মাশুল।
৫৭।	**জামানত বন্ড বা বন্ধকী দলিল** (Security Bond or Mortgage Deed), যাহা সম্পাদিত হয় কোন দায় স্বরূপে অথবা কোন পদের দায়িত্ব যথাযথভাবে সম্পাদনের জন্য অথবা সেই বলে প্রাপ্ত অর্থ বা অন্যবিধ সম্পত্তির হিসাব রক্ষণ নিমিত্ত, অথবা কোন চুক্তি যথাযথ সম্পাদন/পালনের জন্যে জামিনদার কর্তৃক সম্পাদিত হয়- (ক) জামানত অর্থের পরিমাণ অনধিক ২,০০০/- টাকা হইবার ক্ষেত্রে অর্থাৎ যে অর্থ উক্ত দলিল বলে নিশ্চিত করা হইয়াছে উহার পরিমাণ অনধিক ২,০০০/- টাকা হইলে; (খ) অন্যান্য ক্ষেত্রে। **রেয়াত/অব্যাহতি** বন্ড বা অন্যবিধ দলিলপত্র, যখন উহা- ক) এইরূপ কোন হেডম্যান বা সর্দার কর্তৃক সম্পাদিত হয় যিনি ১৮৭৬ সালের সেচ আইন (১৮৭৬ সালের ৩নং বেঙ্গল আইন) এর ৯৯ ধারা মোতাবেক প্রণীত বিধি অনুযায়ী স্বীয় কর্তব্য সুষ্ঠুভাবে পালনের জন্য মনোনীত হইয়াছেন,	জামানত অর্থের বন্ড (নং -১৫) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল। দুইশত টাকা।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
	খ) কোন দাতব্য ডিসপেনসারি বা হাসপাতাল অথবা অন্য কোন জনকল্যাণমূলক প্রতিষ্ঠানে প্রদত্ত বেসরকারি চাঁদা হইতে প্রাপ্ত স্থানীয় আয় প্রতি মাসে কোন নির্দিষ্ট পরিমাণ অর্থ অপেক্ষা কম হইবে না বলিয়া গ্যারান্টি প্রদানের উদ্দেশ্যে কোন ব্যক্তি কর্তৃক সম্পাদিত হয়; গ) ১৮৮৩ সালের ল্যান্ড ইমপ্রুভমেন্ট লোনস এ্যাক্ট অথবা ১৮৮৪ সালের এগ্রিকালচারিস্ট লোনস এ্যাক্ট (চাষাবাদকারী কর্জ আইন)- এর অধীন অগ্রিম গ্রহণকারী ব্যক্তিগণ কর্তৃক সম্পাদিত অথবা অনুরূপ অগ্রিম পরিশোধের জামানত হিসাবে তাহাদের জামিনদারগণ কর্তৃক সম্পাদিত হয়; ঘ) কোন সরকারি অফিসের কার্যাদি যথাযথ সম্পাদনের নিশ্চয়তা প্রদানার্থে অথবা সরকারি টাকার যথাযথ হিসাব রক্ষার্থে অথবা সরকারি কর্মচারীর পদাধিকার বলে অন্যান্য সম্পত্তির হিসাবাদি সুষ্ঠুভাবে রাখার নিশ্চয়তা বিধানার্থে সরকারি কর্মচারীদের দ্বারা অথবা তাহাদের জামিনদারদের দ্বারা বন্ড বা অন্যান্য দলিল সম্পাদিত হইলে।	
৫৮।	**বন্দোবস্ত** (Settlement)- ক) দলিল বা নিদর্শনপত্র (মোহরানা দলিল পত্র)। **রেয়াত/অব্যাহতি** মুসলমানদের বিবাহ উপলক্ষে যে মোহরানা দলিল সম্পাদিত হয়- ১) বিশ হাজার টাকা পর্যন্ত মোহরানা; ২) বিশ হাজার টাকর উর্ধ্বে। খ) প্রত্যাহারের ক্ষেত্রে। আরও দেখুন ট্রাস্ট (নং-৬৪)	বন্দোবস্ত দলিলে বর্ণিত বন্দোবস্তকৃত সম্পত্তির মূল্যের অথবা পরিমাণের সমান টাকার বটমরি বন্ড (নং ১৬) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল। তবে শর্ত থাকে যে, যেখানে বন্দোবস্ত দেওয়ার জন্য একটি চুক্তি, বন্দোবস্তের একটি দলিলের জন্য যে স্ট্যাম্প মাশুল প্রয়োজন সেই পরিমাণ স্ট্যাম্পযুক্ত করা হয় এবং পরবর্তীকালে অনুরূপ চুক্তি অনুসরণে বন্দোবস্তের একটি দলিল সম্পাদিত হয়, সেইক্ষেত্রে অনুরূপ দলিলের বাবদ শুল্কের পরিমাণ পঞ্চাশ টাকার বেশি হইবে না। নাই। $\frac{1}{2}$%। মূল্যানুসারে প্রত্যাহার দলিলে বর্ণিত সংশ্লিষ্ট সম্পত্তির যে অঙ্ক বা মূল্য দেখানো হইয়াছে সেই অঙ্কের সমান টাকার বটমরি বন্ড (নং ১৬) বাবদ প্রদেয়, একই পরিমাণ মাশুল।
৫৯।	**শেয়ার-ওয়ারেন্ট বা বাহকের প্রতি শেয়ার-ওয়ারেন্ট** ১৯১৩ সালের কোম্পানি আইনের অধীন জারিকৃত- (Share Warrants to Bearer)	পণ মূল্যের ৪%

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
	রেয়াত/অব্যাহতি মাশুলের গঠন স্বরূপ কালেক্টরের নিকট নিম্নরূপে স্ট্যাম্প কর প্রদানের ক্ষেত্রে কেবলমাত্র কার্যকর হইবার উদ্দেশ্যে ১৯১৩ সালের কোম্পানি আইনের ৪৩ ধারা মোতাবেক কোন কোম্পানি কর্তৃক যেইক্ষেত্রে শেয়ার ওয়ারেন্ট ইস্যু করা হয়, সেই ক্ষেত্রে- ক) কোম্পানির সমুদয় প্রতিশ্রুতি মূলধনের (সাবস্ক্রাইবড মূলধন) শতকরা দেড় ভাগ অথবা; খ) কোন কোম্পানি উক্ত মাশুল বা অংশ স্বরূপ প্রদত্ত অর্থ সম্পূর্ণ প্রদান করিবার পর প্রতিশ্রুত মূলধনের অতিরিক্ত মূলধন ইস্যু করিলে এইরূপ ইস্যুকৃত অতিরিক্ত মূলধনের শতকরা দেড়ভাগ।	
৬০।	**জাহাজী করণ আদেশ** (Shipping Order) কোন নৌযানে মালামাল পরিবহনের জন্য বা তৎসংক্রান্ত হইলে	পঞ্চাশ টাকা।
৬১।	**ইজারা সমর্পণ** (Surrender of Lease)- ক) যেইক্ষেত্রে একটি লীজে আদায়যোগ্য মাশুলের পরিমাণ চারশত টাকার উর্ধ্বে নহে, তজ্জন্য; খ) অপরাপর ক্ষেত্রে। **রেয়াত/অব্যাহতি** যখন অনুরূপ শুল্ক প্রদান হইতে রেয়াত প্রাপ্ত হয়, সেইক্ষেত্রে সেই ইজারা সমর্পিত হইলে।	এইরূপ ইজারা বাবদ আদায়যোগ্য মাশুল। একশত টাকা।
৬২।	**হস্তান্তর** (Transfer)- (পণসমেত বা বিনা পণে) ক) কোন সংবিধিবদ্ধ কিংবা বিধিবদ্ধ সংস্থাতে শেয়ার বিষয়ক হইলে; খ) ৮ ধারায় ব্যবস্থিত বা বিধান সম্বলিত ঋণপত্র ব্যতীত, বিপণনযোগ্য জামানত স্বরূপে উক্ত ঋণপত্র (মাশুলযোগ্য হউক, বা না হউক) হইলে; গ) ৪০ অনুচ্ছেদের অধীনে অথবা বীমা পলিসির দ্বারা মাশুল পরিশোধিত বন্ড, বন্ধক দলিল বাবদ যে সুদ প্রাপ্তি বা নিশ্চিতকৃত হইয়াছে সেই সুদ বিষয়ক হইলে- (১) অনুরূপ বন্ড, বন্ধক দলিল কিংবা বীমা পলিসি বাবদ মাশুল চারশত টাকার উর্ধ্বে না হইলে; (২) অন্যান্য ক্ষেত্রে। ঘ) ১৯১৩ সালের এ্যাডমিনিস্ট্রেটর জেনারেল আইনের ২৫ ধারার অধীন কোন সম্পত্তি বিষয়ক হইলে; ঙ) কোন ট্রাস্ট সম্পত্তি এক ট্রাস্টির নিকট হইতে অন্য ট্রাস্টির বরাবর অথবা এক ট্রাস্টি এক জন সুবিধাভোগীর বরাবরে বিনা পণে হস্তান্তর বিষয়ক হইলে। **রেয়াত/অব্যাহতি** ১) পৃষ্ঠাঙ্কনের দ্বারা হস্তান্তর; ক) কোন বিনিময় বিল, হুন্ডি বা প্রত্যর্থ পত্র;	পণ মূল্যের ১.৫%। ঋণপত্রের আপাত মূল্যের সমান শেয়ার মূল্যের জন্য এই অনুচ্ছেদের (ক) দফার অধীন নির্ধারিত একই পরিমাণ মাশুল। এইরূপ বন্ড, বন্ধক দলিল বা বীমা পলিসি বাবদ আদায়যোগ্য মাশুল। একশত টাকা। একশত টাকা। পঞ্চাশ টাকা।

আর্টিকেল নং	দলিলাদির বিবরণ	সঠিক স্ট্যাম্প মাশুল
	খ) কোন বিল অব লেডিং ডেলিভারি আদেশ, পণ্য ওয়ারেন্ট বা পণ্যের জন্য অধিকার প্রদানকারী আদেশ,বা পণ্যস্বত্ব সংক্রান্ত অন্যবিধ বাণিজ্যিক দলিল; গ) কোন বীমা পলিসি জামানত সংক্রান্ত; ঘ) সরকারি জামানত সংক্রান্ত। আরও দেখুন ধারা-৮। ২) ১৯৯৪ সালের কোম্পানি আইন (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর আওতায় সংজ্ঞায়িত এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত পাবলিক লিমিটেড কোম্পানিসমূহের শেয়ার ও ডিবেঞ্চার হস্তান্তর; ৩) ১৯৯৪ সালের কোম্পানি আইন (১৯৯৪ সালের ১৮ নং আইন) দ্বারা সংজ্ঞায়িত সরকারি প্রতিষ্ঠান, বিধিবদ্ধ সংস্থা, পাবলিক এবং প্রাইভেট কোম্পানিসমূহের বন্ড হস্তান্তর; এবং ৪) সম্পদের নিরাপত্তা বিধানকল্পে স্পেশাল পারপাস ভেহিকেল (Special purpose vehicle) এর নিকট আদায়যোগ্য সম্পত্তি বিক্রয়। **ব্যাখ্যা** : Special purpose vehicle অর্থ বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনাপত্তি প্রদানকৃত অমুনাফাভোগী ও অলাভজনক কোন ট্রাস্ট বা প্রতিষ্ঠানকে বুঝায়।	
৬৩।	**ইজারা হস্তান্তর** (Transfer of Lease)- উপ-ইজারা বা আন্ডার-লীজ স্বরূপ নহে বরং স্বত্ব নিয়োগের মত কোন উদ্দেশ্যে সম্পন্ন হইবার ক্ষেত্রে। **রেয়াত/অব্যাহতি** মাশুল বা শুল্ক রেয়াতপ্রাপ্ত কোন ইজারার হস্তান্তর দলিল।	হস্তান্তর বাবদ পণের অর্থের সমপরিমাণ পণের হস্তান্তর দলিল (নং-২৩) বাবদ প্রদেয় একই পরিমাণ মাশুল।
৬৪।	**ট্রাস্ট** (Trust)- ক. কোন সম্পত্তির ঘোষণা অথবা কোন সম্পত্তি সংক্রান্ত ঘোষণা, যখন লিখিতভাবে করা হয়, কিন্তু যাহা উইল বা ইচ্ছাপত্র নয়।	দলিলে সংশ্লিষ্ট সম্পত্তির যে অঙ্ক বা মূল্য দেখান হইয়াছে, সেই অঙ্ক বা মূল্যের বটমরি বন্ড (নং ১৬) এর ক্ষেত্রে যে পরিমাণ শুল্ক প্রদেয় সেই একই শুল্ক।
	খ. উইল বা ইচ্ছাপত্র নহে এমন কোন দলিল দ্বারা কোন সম্পত্তি অথবা কোন সম্পত্তি সম্পর্কীয় বিষয়াদি প্রত্যাহার বা রদ করা হইলে। আরও দেখুন নিষ্পত্তি বা বিলিবন্দেজ (নং ৫৮)। নির্দিষ্টকরণ (নং ৮)	দলিলে সংশ্লিষ্ট সম্পত্তির যে অঙ্ক বা মূল্য দেখান হইয়াছে, সেই অঙ্ক বা মূল্যের বটমরি বন্ড (নং ১৬) এর ক্ষেত্রে যে পরিমাণ শুল্ক প্রদেয় সেই একই পরিমাণ শুল্ক; কিন্তু উহা দুইশত টাকার বেশি হইবে না।
৬৫।	**মালামালের ওয়ারেন্ট বা হুকুমনামা : (**Warrant for Goods)- অর্থাৎ যে দলিলে উল্লেখিত কোন ব্যক্তি অথবা তাহার স্বত্ব নিয়োগী বা মনোনীত ব্যক্তি বা উক্ত আদেশের ধারকের এমন মালামালের উপর স্বত্বের প্রামাণিক বা সাক্ষ্যবহ হয়, যে মালামাল কোন পোতাশ্রয়ে বা বন্দরের পণ্যাগারে বা জেটিঘাটে অবস্থিত, এবং উপর্যুক্ত ব্যক্তিগণ উক্ত পণ্যাদি খালাস করিবার অধিকারী হন, সেইক্ষেত্রে উক্ত মালামাল যে ব্যক্তির হেফাজতে থাকে-সেই ব্যক্তি কর্তৃক অথবা তাহার পক্ষে কোন ব্যক্তি কর্তৃক অনুরূপ দলিল বা প্রামাণিক পত্র দস্তখতকৃত বা প্রত্যায়িত হইলে।	পঞ্চাশ টাকা।